



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

পরীক্ষার-পরিচ্ছন্নতা অভিযান-২০২২ এর উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২০ সেপ্টেম্বর ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি (সেনা, নৌ উইং) ও রোভার স্কাউট গ্রুপের উদ্যোগে পরীক্ষার-পরিচ্ছন্নতা অভিযান-২০২২ এর উদ্বোধন করা হয়েছে। ২০ সেপ্টেম্বর সকাল ৯টায় পরীক্ষার পরিচ্ছন্নতা অভিযান কার্যক্রমটি উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপস্থিত ছিলেন সেনা শাখার ২/লেফটেন্যান্ট ড. মোঃ আব্দুল বাতেন চৌধুরী, নৌ শাখার পি.ইউ.ও অসীম কুমার নন্দী, পপি হালদার, রোভার স্কাউট গ্রুপ সম্পাদক স্কাউট লিডার দিলআফরোজ খানম, স্কাউট লিডার মোঃ আরহাম সাজিদ, সামরিক প্রশিক্ষক কর্পোরাল মোঃ আইনুল ইসলাম ও পেটি অফিসার(এস) মোঃ রাকিব হাসান। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোঃ খোরশেদ আলমসহ বিএনসিসি (সেনা, নৌ উইং) ও রোভার স্কাউট গ্রুপের অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.) এর পক্ষে

মোঃ জুয়েল মৃধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস